

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১৩০.১১.০০২.১৫-

তারিখ: ৩ বৈশাখ ১৪২৫/১৬ এপ্রিল ২০১৮

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ৮ অক্টোবর ২০১৭ তারিখের ৮০.১০৩.০১১.০০.০০১৪.২০১৬-২৩৯ সংখ্যক স্মারকের সুপারিশের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হওয়ায় ও Police Verification-এ কোন বিরূপ তথ্য না পাওয়ায় শায়লা শারমিন, পিতা: মোঃ আকরাম হোসেন, মাতা: চৌধুরী ইসরাত জাহান, ৩৫/সি, লেকসার্কাস (ফ্ল্যাট নং ৫A), কলাবাগান, ঢাকা-১২০৫-কে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন গুপ্তসংকেত পরিদপ্তরের “সাইফার অফিসার”-এর স্থায়ী শূন্য পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ৯ম গ্রেডের টাকা ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে এবং বিধি অনুযায়ী প্রদেয় ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হল:

শর্তাবলি:

- (১) গুপ্তসংকেত পরিদপ্তরে যোগদানের তারিখ থেকে তাঁর নিয়োগ কার্যকর হবে;
- (২) নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ বিধি অনুসারে তিনি যোগদানের তারিখ থেকে ২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ থাকবেন। শিক্ষানবিশির মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর “গুপ্তসংকেত পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫” অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর চাকুরি স্থায়ী করা হবে। কর্তৃপক্ষ ইচ্ছা করলে শিক্ষানবিশির মেয়াদ সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসারে বৃদ্ধি করতে পারবে;
- (৩) শিক্ষানবিশ থাকাকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকুরির অবসান ঘটাতে পারবে;
- (৪) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন/আদেশ/বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- (৫) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের সুপারিশ অনুসারে যে কোন সময় তাঁর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাঁকে চাকরি হতে বরখাস্ত ছাড়াও তার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;
- (৬) তিনি কখনও চাকুরি থেকে ইস্তফা দেয়ার ইচ্ছা পোষণ করলে যে তারিখ থেকে তিনি ইস্তফা দিতে চান সে তারিখের ৩০ (ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে কর্তৃপক্ষকে তাঁর ইস্তফা প্রদানের বিষয়টি জানাতে হবে, এর ব্যত্যয়ের ক্ষেত্রে তিনি, তাঁর ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি খাতে যথাযথভাবে জমা দিতে বাধ্য থাকবেন;
- (৭) চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

২। উপর্যুক্ত শর্তাবলির আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে তিনি আগামী ৮ মে ২০১৮ তারিখের মধ্যে পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শের-ই-বাংলা নগর, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করবেন। উক্ত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক এর ফটোকপি দাখিল করতে হবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
মাহফুজা আখতার
যুগ্ম-সচিব
ফোন: ৯১৪৪২৪৭

নম্বর ২৩.০০.০০০০.১৩০.১১.০০২.১৫-৬৮

তারিখ: ৩ বৈশাখ ১৪২৫/১৬ এপ্রিল ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, গণভবন কমপ্লেক্স, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। সচিব-এর একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, এইচবিএফসি ভবন, ২২, পুরানা পল্টন, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। শায়লা শারমিন, পিতা: মোঃ আকরাম হোসেন, মাতা: চৌধুরী ইসরাত জাহান, ৩৫/সি, লেকসার্কাস (ফ্ল্যাট নং ৫A), কলাবাগান, ঢাকা-১২০৫।

মাহফুজা আখতার
যুগ্ম-সচিব